



মাদক ব্যবসায় জড়িত খোদ এসআই নাজিম



এসআই নাজিম। ছবি: লেন্স এশিয়া

নারায়ণগঞ্জের রূপগঞ্জ থানার এসআই নাজিমের বিরুদ্ধে ওঠা অপকর্মের অভিযোগ যেন থামছেই না। গত কিছুদিন আগে মাদক কারসাজি নিয়ে সংবাদ প্রকাশের পর বিষয়টি খতিয়ে দেখতে তদন্ত শুরু করে পুলিশ সদর দপ্তরের একটি তদন্ত সংস্থা।

তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় পুলিশ সদর দপ্তরের পার্সোনাল মেনেজমেন্ট-৩ শাখার আদেশ নং ১৫৩৫-এ আব্দুল্লাহ আল জহির বিপিএম, পিপিএম (বার), এডিশন্যাল ডিআইজি পুলিশ হেডকোয়ার্টার স্বাক্ষরিত আদেশে তাকে বদলি করা হয়।

ওই আদেশে রূপগঞ্জ থানা থেকে এসআই নাজিমকে এপিবিএনে (ঢাকা ও চট্টগ্রাম অঞ্চল ব্যতীত) বদলি করা হয়। আদেশে বলা হয়, সংশ্লিষ্ট পুলিশ সদস্যকে বদলিকৃত কর্মস্থলে যোগদানের লক্ষ্যে আগামী ১৩-০৫-২০২৬ খ্রিষ্টাব্দের মধ্যে ছাড়পত্র দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে। অন্যথায় ১৪-০৫-২০২৬ খ্রিষ্টাব্দ থেকে তাকে তাত্ক্ষণিক অবমুক্ত (Stand Released) হয়েছেন বলে গণ্য করা হবে।

তবে বদলির আদেশের বিষয়ে জানতে চাইলে রূপগঞ্জ থানার অফিসার ইনচার্জ মো সালাহউদ্দিন জানান, তিনি এ বিষয়ে কিছু জানেন না।

কিন্তু প্রশাসনিক কারণে বদলির আদেশ হলেও নাজিমের বিরুদ্ধে ওঠা অভিযোগের ধারাবাহিকতায় ছেদ পড়েনি। অনুসন্ধানে এক মাদক বিক্রেতার সঙ্গে এসআই নাজিমের মাদক বিক্রির একটি কল রেকর্ড সামনে আসে। ওই কথোপকথনে একজন মাদক বিক্রেতার সঙ্গে মাদক বিক্রির রফাদফা করতে শোনা যায় এসআই নাজিমকে।

আইনজীবী ব্যারিস্টার সরোয়ার হোসেন বলেন, বদলির পরও পুলিশের বহাল থাকার বিষয়টি বড় অংকের টাকার মাধ্যমে ম্যানেজ করা হয় তাকে। এসব বিষয় পুলিশের লিয়াজুর মাধ্যমেই চলে।

অপরাধ বিশ্লেষক ড. তোহিদুল হক বলেন, ঊর্ধ্বতন কর্তৃপক্ষের গাফিলতি এবং যোগসাজশের কারণেই পুলিশ কর্মকর্তারা বিভিন্ন অপকর্মে জড়িয়ে থাকেন।

এসআই নাজিমের এসব অপকর্মের বিষয়ে নারায়ণগঞ্জ গ সার্কেলের সিনিয়র সহকারী পুলিশ সুপার মেহেদী ইসলাম বলেন, ঊর্ধ্বতন কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী এখনো নাজিম থানায় কর্মরত রয়েছেন।

মাদক কারসাজি, বদলি ও অপকর্মের অভিযোগের বিষয়ে পুলিশ সদর দপ্তরের এআইজি মিডিয়া এন্ড পাবলিক রিলেশনস এ.এইচ.এম শাহাদাত হোসাইন, পিপিএম (বার)-এর কাছে জানতে চাইলে তিনি বলেন, মাদকের সঙ্গে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

এত অভিযোগ ও অপকর্মের পরও এসআই নাজিম এখনো মাদক কারসাজিতে বহাল রয়েছেন। এতে স্থানীয়দের মধ্যে আতঙ্ক তৈরি হয়েছে। শুধু তাই নয়, স্থানীয়রা বলছেন, পুলিশের এমন গাফিলতির কারণে জনমনে আতঙ্ক বিরাজ করছে।

মাদকে জড়িত এসআই নাজিমের বিস্তারিত আরো আসছে...